

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
শৃংখলা শাখা
৩৯৮ মেয়র আনিসুল হক সড়ক, তেজগাঁও শিল্প এলাকা,
ঢাকা-১২০৮

নম্বর: ৩৬.০২.০০০০.০৪০.৯৯.০০২.২২

তারিখ: ২৬ মাঘ ১৪২৯

০৯ ফেব্রুয়ারি ২০২৩

অফিস আদেশ

অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত ২০১৮) এর নির্দেশনা অনুযায়ী বিসিক প্রধান কার্যালয়, আঞ্চলিক কার্যালয়, লবণ শিল্পের উন্নয়ন কার্যালয়, রাংগামাটি জেলার সিআইডিপি কার্যালয়, বিসিক ট্রেনিং ইনস্টিটিউট (স্কিটি), জেলা কার্যালয় ও শিল্পনগরী কার্যালয়সমূহের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তা হিসেবে নিম্নোক্ত পদে কর্মরত কর্মকর্তাগণকে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মনোনয়ন প্রদান করা হলো।

ক্রমিক	কার্যালয়ের নাম	অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)	আপিল কর্মকর্তা
১.	বিসিক প্রধান কার্যালয়	সচিব, বিসিক, ঢাকা	অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক), শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
২.	বিসিক ট্রেনিং ইনস্টিটিউট (স্কিটি), উত্তরা, ঢাকা	অধ্যক্ষ বিসিক ট্রেনিং ইনস্টিটিউট (স্কিটি), উত্তরা, ঢাকা	সচিব, বিসিক, ঢাকা।
৩.	নকশা কেন্দ্র, বিসিক, ঢাকা	প্রধান নকশাবিদ নকশা কেন্দ্র, বিসিক, ঢাকা	সচিব, বিসিক, ঢাকা।
৪.	আঞ্চলিক কার্যালয়, বিসিক, ঢাকা	আঞ্চলিক পরিচালক, বিসিক, ঢাকা	সচিব, বিসিক, ঢাকা।
৫.	আঞ্চলিক কার্যালয়, বিসিক, চট্টগ্রাম	আঞ্চলিক পরিচালক, বিসিক, চট্টগ্রাম	সচিব, বিসিক, ঢাকা।
৬.	আঞ্চলিক কার্যালয়, বিসিক, খুলনা	আঞ্চলিক পরিচালক, বিসিক, খুলনা	সচিব, বিসিক, ঢাকা।
৭.	আঞ্চলিক কার্যালয়, বিসিক, রাজশাহী	আঞ্চলিক পরিচালক, বিসিক, রাজশাহী	সচিব, বিসিক, ঢাকা।
৮.	সকল জেলা কার্যালয়	সংশ্লিষ্ট জেলা কার্যালয় প্রধান	সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালক
৯.	সকল শিল্পনগরী কার্যালয়	সংশ্লিষ্ট শিল্পনগরী কর্মকর্তা	সংশ্লিষ্ট জেলা কার্যালয় প্রধান
১০.	লবণ শিল্পের উন্নয়ন কার্যালয়, বিসিক, কক্সবাজার	উপমহাব্যবস্থাপক লবণ শিল্পের উন্নয়ন কার্যালয় বিসিক, কক্সবাজার	আঞ্চলিক পরিচালক, বিসিক, চট্টগ্রাম
১১.	সিআইডিপি কার্যালয়, বিসিক, রাঙ্গামাটি	সহকারী মহাব্যবস্থাপক সিআইডিপি কার্যালয়, বিসিক, রাঙ্গামাটি	আঞ্চলিক পরিচালক, বিসিক, চট্টগ্রাম

০২। অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও আপিল কর্মকর্তার কার্যপরিধি (TOR):

ক) অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও আপিল কর্মকর্তাগণকে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত ২০১৮) এর আলোকে সকল কার্য সম্পাদন করতে হবে।

খ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত ২০১৮) এর ৫.১.২ ধারা অনিক কর্মকর্তার ও ৫.২.২ ধারা আপিল কর্মকর্তার কার্যপরিধি হিসেবে বিবেচিত হবে।


গ) www.grs.gov.bd এর মাধ্যমে অভিযোগ উত্থাপিত হচ্ছে কিনা তা অনিক ও আপিল কর্মকর্তাগণ নিয়মিতভাবে পর্যবেক্ষণ করবেন। ই-নথি এর ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে www.grs.gov.bd এ লগইন করতে হবে।

ঘ) মনোনীত অনিক কর্মকর্তাগণ অফলাইনে (পত্রযোগে) প্রাপ্ত অভিযোগসমূহের ব্যাপারে কার্যক্রম গ্রহণ করার পাশাপাশি অনলাইনে অভিযোগ গ্রহণ/প্রেরণ এর ব্যবস্থা করবেন। অনলাইনে www.grs.gov.bd এর মাধ্যমে ও অনিক কর্মকর্তাগণের ই-মেইল ঠিকানায় দাখিলকৃত অভিযোগসমূহ অনিক কর্মকর্তা নিয়মিত অবলোকন ও নিষ্পত্তি করবেন এবং অনিষ্পন্ন অভিযোগসমূহ নিষ্পত্তির লক্ষ্যে আপিল কর্মকর্তার নিকট প্রেরণ করবেন।

ঙ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত ২০১৮) এর সংযোজনী 'গ-১ এর ১.অভিযোগ প্রতিকারের সারসংক্ষেপ'- ছক মোতাবেক জেলা কার্যালয়ের অনিক কর্মকর্তা প্রতিবেদন প্রস্তুত করবেন এবং প্রতি মাসের ২৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবেন।

চ) আঞ্চলিক কার্যালয়ের অনিক কর্মকর্তা প্রতিবেদনসমূহ সংকলন করে প্রতি মাসের ২৭ তারিখের মধ্যে সচিব, বিসিক, ঢাকা (মূল প্রাপক secretary@bscic.gov.bd ও cc: disciplinarysection@bscic.gov.bd) বরাবরে প্রেরণ করবেন।

০৩। এ আদেশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।



৯-২-২০২৩

শ্যামলী নবী

সচিব

ফোন: ৯৫৫৩৪৯০

ফ্যাক্স: +৮৮ ০২ ৯৫৫০৭০৪

ইমেইল:

secretary@bscic.gov.bd

নম্বর: ৩৬.০২.০০০০.০৪০.৯৯.০০২.২২/১(১৩)

তারিখ: ২৬ মাঘ ১৪২৯

০৯ ফেব্রুয়ারি ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) পরিচালক (সকল), বিসিক, ঢাকা।

২) আঞ্চলিক পরিচালক, বিসিক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।

৩) অধ্যক্ষ, স্কিটি, ঢাকা।


৪) প্রধান প্রকৌশলী, বিসিক, ঢাকা।

৫) মহাব্যবস্থাপক (সকল), বিসিক, ঢাকা।

৬) নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ), বিসিক, ঢাকা।

৭) সহকারী মহাব্যবস্থাপক (আইসিটি সেল প্রধান), আইসিটি সেল, বিসিক, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।

- ৮) প্রধান নক্সাবিদ, নক্সা কেন্দ্র, বিসিক, ঢাকা।
৯) চেয়ারম্যানের একান্ত সচিব, চেয়ারম্যান দপ্তর, বিসিক, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০) বিসিক জেলা কার্যালয় প্রধান (সকল)
১১) উপমহাব্যবস্থাপক, লবণ শিল্পের উন্নয়ন কার্যালয়, বিসিক, কক্সবাজার।
১২) সহকারী মহাব্যবস্থাপক, সিঅআইডিপি কার্যালয়, বিসিক, রাংগামাটি।
১৩) শিল্পনগরী কর্মকর্তা (সকল)।



৯-২-২০২৩

আসিফ উল হাসান
উপব্যবস্থাপক (শৃংখলা)